দৈনিক বাংলা

ডকুমেন্টেশন কেন্দ্র

23

তারিখ 03 FEB 1989
পৃষ্ঠা 1 কলাম 1

# সত্যজিৎ রায় 'লিজিয়ন ডি' অনার-এ ভূষিত

কলকাতা, ২রা ফেব্রুয়ারী (পিটিআই)।—প্রেসিডেন্ট ফ্রাঁসোয়া মিতেরাঁ আজ সত্যজিৎ রায়কে ফ্রান্সের সর্বোচ্চ বেসামরিক খেতাব 'লিজিয়ন ডি' অনার-এ ভূষিত করেছেন।

এই প্রথম বারের মত একজন

(শেষ পৃঃ ৯ এর কঃ দ্রঃ)

## সত্যজিৎ রায়

(১-এর পৃঃ পর)

ফরাসী প্রেসিডেন্ট লিজিয়ন ডি অন্যার লাভকারীর দেশে গিয়ে এই খেতাব দিলেন।

সত্যজিৎ রায়কে নিয়ে এযাবত তিনজন চলচ্চিত্র পরিচালক এই খেতাব পেলেন। এর আগে জাপানের আকিরা কুরোসাওয়া এবং যুক্তরাষ্ট্রের অরসন ওয়েলস এই খেতাব লাভ করেন।

৩৩ বছর আগে ফ্রান্সের কান-এ সত্যজিৎ রায়ের প্রথম চলচ্চিত্র পথের পাঁচালী গোল্ডেন পাম পুরস্কার অর্জন করে। লিজিয়ন ডি অনার লাভের পর সত্যজিৎ রায় বলেন একজন ভারতীয় শিল্পী হিসাবে নিজেকে পরিপূর্ণ বোধ করছি।